

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা
“গার্মেন্টস” শিল্প
সুপারিশ-২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ০৯/০৪/২০২৩ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০৫৩.১৭.৯২ তারিখ: ০৯/০৪/২০২৩ খ্রিস্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে “গার্মেন্টস” শিল্প সেক্টরের শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হার সুপারিশ করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০৫৩.১৭.৯৩ তারিখ: ০৯/০৪/২০২৩ খ্রিস্টাব্দ মূলে বিধি মোতাবেক “গার্মেন্টস” শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড “গার্মেন্টস” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ গাজীপুর সদর এলাকায় অবস্থিত ২টি “গার্মেন্টস” শিল্প প্রতিষ্ঠান (ইপিলিয়ন স্টাইল লিমিটেড ও উতাহ ফ্যাশন লিমিটেড), হবিগঞ্জ জেলার মাধবপুর এলাকায় অবস্থিত ১টি “গার্মেন্টস” শিল্প প্রতিষ্ঠান (পাইওনিয়ার ডেনিমস লিমিটেড) ও চট্টগ্রাম জেলার নাসিরাবাদ এলাকায় অবস্থিত ২টি “গার্মেন্টস” শিল্প প্রতিষ্ঠানে (চিটাগাং এশিয়ান অ্যাপারেলস লিমিটেড ও ইউনি গার্মেন্টস লিমিটেড) উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকনেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করে তথ্য উপাত্ত সংগ্রহ করেন।


বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের দাখিলকৃত মজুরি প্রস্তাব এবং গবেষণাধর্মী প্রতিষ্ঠান এর গবেষণা প্রতিবেদন ও বিভিন্ন মালিক-শ্রমিক সংগঠনের পক্ষ হইতে দাখিলকৃত স্মারকলিপি/মজুরি প্রস্তাবসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরণ, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ্য, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ জনসাধারণের অবগতির জন্য ১১/১১/২০২৩ তারিখে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় বিজ্ঞপ্তি সহকারে প্রকাশ করা হয়। উক্ত খসড়া গেজেট প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানের মালিকগণের পক্ষ হইতে ১৭৩টি এবং বিভিন্ন শ্রমিক সংগঠন, এনজিও এবং গবেষণাধর্মী প্রতিষ্ঠানের পক্ষ হইতে ২৫টি আপত্তি লিখিতভাবে বোর্ডে দাখিল করেন। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(২) বিধি মোতাবেক উক্ত আপত্তি ও প্রস্তাব বিবেচনা করিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক “গার্মেন্টস” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে সুপারিশ পেশ করিল:


- ১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “গার্মেন্টস” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।
- ২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব থেকে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে। সুপারিশে উল্লিখিত পদসমূহ নারী ও পুরুষ শ্রমিক সকলের জন্য প্রযোজ্য হইবে।




- ৩। উক্ত শিল্প সেক্টরের তপশিল 'ক' এ উল্লিখিত শ্রমিকগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন তাহাদিগকে পূর্বতন গেজেটের গ্রেড- ৩, গ্রেড- ৪, গ্রেড- ৫ ও গ্রেড- ৭ এর স্থলে নতুন গেজেটে যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩ ও গ্রেড-৪ হিসাবে গণ্য করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহাদের মজুরি নির্ধারণ করিতে হইবে। সমন্বয় করার পরবর্তী ০১ (এক) বৎসর কর্মরত থাকার পর মূল মজুরির ৫% হারে বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইবে। কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।
- ৪। বিভিন্ন শ্রমিক সংগঠনের প্রস্তাবের প্রেক্ষিতে পূর্বতন গ্রেড-৬ বাদ দেওয়া হইলো এবং উক্ত গ্রেডের শ্রমিকগণকে নতুন গ্রেড-৩ এ স্থলাভিষিক্ত করিতে হইবে। সেইক্ষেত্রে “সাধারণ” পদবীসমূহ “জুনিয়র” পদবী হিসাবে উন্নীত হইবে।
- ৫। উক্ত শিল্প সেক্টরের তপশিল ‘খ’ এ উল্লিখিত কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন তাহাদিগকে সেই গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহাদের মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।
- ৬। পূর্বতন গেজেটের তপশিল ‘ক’ এর গ্রেড-১: প্যাটার্ন মাস্টার, চীফ কোয়ালিটি কন্ট্রোলার, চীফ কাটিং মাস্টার/ কাটিং চীফ, চীফ মেকানিক এবং গ্রেড-২: মেকানিক/ ইলেকট্রিশিয়ান, কাটিং মাস্টার পদসমূহ কর্মকর্তার পর্যায় পড়ে এবং তাহারা নিম্নতম মজুরি অপেক্ষা কয়েকগুণ বেশি মজুরি পেয়ে থাকে বিধায় বর্তমান গেজেট থেকে তাহাদের গ্রেডসহ পদসমূহ বাদ দেওয়া হইলো। তবে; বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) এর সংজ্ঞা অনুসারে যদি উল্লিখিত পদসমূহে কর্মরত ব্যক্তিগণ প্রশাসনিক, তদারকি কর্মকর্তা বা ব্যবস্থাপনামূলক কাজে দায়িত্বপ্রাপ্ত না হন, তাহা হইলে তাহাদিগকে শ্রমিক হিসেবে গণ্য করা হইবে এবং তাহাদের মজুরি কোনোক্রমেই তপশিল ‘খ’ এর বর্তমান গ্রেড-১ এর মজুরি অপেক্ষা কম হইবে না।
- ৭। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত শ্রেণি বিভাগ ও পদবিন্যাস অনুযায়ী শ্রমিক-কর্মচারীকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্ট্রারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।
- ৮। তপশিল “ক” ও “খ” এ উল্লিখিত মজুরি সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারীগণের মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।
- ৯। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক-কর্মচারী অথবা শ্রমিক-কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।
- ১০। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী “শ্রমিক” বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

- ১১। শর্ত (১০) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।
- ১২। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি সোয়েটারসহ অন্যান্য “গার্মেন্টস” শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণকে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।
- ১৩। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক-কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।
- ১৪। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করে ০১ (এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিক-কর্মচারীগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। সোয়েটারসহ অন্যান্য “গার্মেন্টস” শিল্প সেক্টরে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরিতে কর্মরত শ্রমিকগণও বাৎসরিক ভিত্তিতে মূল মজুরির ৫% হারে মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন।
- ব্যাখ্যা: যদি একজন শ্রমিকের মূল মজুরি ৬,৭০০/- (ছয় হাজার সাতশত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৭,০৩৫/- (সাত হাজার পঁয়ত্রিশ) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৭,০৩৫/- (সাত হাজার পঁয়ত্রিশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৭,৩৮৬.৭৫/- (সাত হাজার তিনশত ছিয়াশি টাকা পঁচাত্তর পয়সা) টাকা নির্ধারিত হইবে।
- ১৫। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক-কর্মচারীগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।
- ১৬। শ্রমিক-কর্মচারীগণের কর্মঘণ্টা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী নির্ধারিত হইবে।
- ১৭। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।


(অধ্যাপক ড. মো/কামাল উদ্দীন)
নিরপেক্ষ সদস্য


(মো: সিদ্দিকুর রহমান)
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য


(মকসুদ বেলাল সিদ্দিকী)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য


(লিয়াকত আলী মোল্লা)
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড ঢাকা।

(সুলতান আহম্মদ)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

(সিরাজুল ইসলাম রনি)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

তপশিল “ ক ”
শ্রমিকগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস	মূল মজুরি (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	খাদ্য ভাতা (টাকা)	সর্বমোট মজুরি (টাকা)
<u>গ্রেড-১ :</u> ১। সিনিয়র অপারেটর (সকল ধরনের মেশিন চালানোর জন্য) ২। সিনিয়র কাটার ৩। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর ৪। সিনিয়র মার্কার/সিনিয়র ড্রইংম্যান ৫। সিনিয়র স্ক্রিন এক্সপোজার ৬। সিনিয়র আয়রণম্যান ৭। সিনিয়র স্যাম্পলম্যান/স্যাম্পল মেশিনিস্ট ৮। জুনিয়র মেকানিক ৯। জুনিয়র ইলেকট্রিশিয়ান <u>১০। সিনিয়র লাইন লিভার</u>	৮,৩৯০/-	৪,১৯৫/-	৭৫০/-	৪৫০/-	১,২৫০/-	১৫,০৩৫/-

শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস	মূল মজুরি (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	খাদ্য ভাতা (টাকা)	সর্বমোট মজুরি (টাকা)
<u>গ্রেড-২:</u> ১। অপারেটর (সকল ধরনের মেশিন চালানোর জন্য) ২। কাটারম্যান/নিডলম্যান/সিজারম্যান ৩। কোয়ালিটি ইন্সপেক্টর ৪। মার্কার/ ডাইংম্যান ৫। ইস্যুম্যান/ইনপুটম্যান ৬। বান্ডিল ম্যান/নাম্বারিংম্যান ৭। অটো স্প্রেডার/লে-ম্যান ৮। পলিম্যান/প্যাকিংম্যান/ফোল্ডিংম্যান ৯। ট্যাগম্যান/স্পটম্যান/রিসিভম্যান ১০। প্রিন্টার/পেইন্টার/ড্রয়ারম্যান ১১। স্ক্রিন এক্সপোজার ১২। আয়রণম্যান/প্রেসিংম্যান ১৩। ওয়েল্ডার/ফিটার/প্লাম্বার ১৪। স্যাম্পলম্যান ১৫। ডিস্ট্রিবিউটর ১৬। সাধারণ মেকানিক ১৭। সাধারণ ইলেকট্রিশিয়ান ১৮। লাইন লিডার	৭,৮৮২/-	৩,৯৪১/-	৭৫০/-	৪৫০/-	১,২৫০/-	১৪,২৭৩/-

[Signature]

[Signature]

[Signature]

[Signature] Lia

শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস	মূল মজুরি (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	খাদ্য ভাতা (টাকা)	সর্বমোট মজুরি (টাকা)
গ্রেড-৩ : ১। জুনিয়র অপারেটর (সকল ধরণের মেশিন চালানোর জন্য) ২। জুনিয়র কাটারম্যান/জুনিয়র নিডলম্যান/জুনিয়র সিজারম্যান ৩। জুনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর ৪। জুনিয়র মার্কার/জুনিয়র ডাইংম্যান ৫। জুনিয়র ইস্যুম্যান/জুনিয়র ইনপুটম্যান ৬। জুনিয়র বান্ডিল ম্যান/ জুনিয়র নাম্বারিংম্যান ৭। জুনিয়র অটো স্প্রেডার/জুনিয়র লে-ম্যান ৮। জুনিয়র পলিম্যান/জুনিয়র প্যাকিংম্যান/জুনিয়র ফোল্ডিংম্যান ৯। জুনিয়র ট্যাগম্যান/জুনিয়র স্পটম্যান/জুনিয়র রিসিভম্যান ১০। জুনিয়র প্রিন্টার/জুনিয়র পেইন্টার/জুনিয়র ড্রয়ারম্যান ১১। জুনিয়র স্ক্রিন এক্সপোজার ১২। জুনিয়র আয়রণম্যান/জুনিয়র প্রেসিংম্যান ১৩। জুনিয়র ওয়েল্ডার/জুনিয়র ফিটার/জুনিয়র গ্রাফার ১৪। জুনিয়র স্যাম্পলম্যান ১৫। জুনিয়র ডিস্ট্রিবিউটর ১৬। সহকারি মেকানিক ১৭। সহকারি ইলেকট্রিশিয়ান	৭,৪০০/-	৩,৭০০/-	৭৫০/-	৪৫০/-	১,২৫০/-	১৩,৫৫০/-

Handwritten signature

Handwritten signature

Handwritten signature

Handwritten signature

Handwritten signature

শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস	মূল মজুরি (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	খাদ্য ভাতা (টাকা)	সর্বমোট মজুরি (টাকা)
গ্রেড-৪: ১। সহকারি অপারেটর (সকল ধরণের মেশিন চালানোর জন্য) ২। সহকারি কাটারম্যান/ সহকারি নিডলম্যান/সহকারি সিজারম্যান ৩। সহকারি কোয়ালিটি ইন্সপেক্টর ৪। সহকারি মার্কার/ সহকারি ড্রইং ম্যান ৫। সহকারি ইস্যুম্যান/ সহকারি ইনপুটম্যান ৬। সহকারি বাস্তব ম্যান/ সহকারি নাম্বারিং ম্যান ৭। সহকারি অটো স্প্রেডার/ সহকারি লে-ম্যান ৮। সহকারি পলি ম্যান/ সহকারি প্যাকিং ম্যান/ সহকারি ফোল্ডিং ম্যান ৯। সহকারি ট্যাগম্যান/ সহকারি স্পটম্যান/ সহকারী রিসিভম্যান ১০। সহকারি প্রিন্টার/ সহকারি পেইন্টার/ সহকারি ড্রয়ারম্যান ১১। সহকারী স্ক্রিন এক্সপোজার ১২। সহকারি ওয়েল্ডার/ সহকারি ফিটার/ সহকারি প্লাম্বার ১৩। সহকারি স্যাম্পলম্যান ১৪। সহকারি ডিস্ট্রিবিউটর ১৫। ফিনিশিং সহকারি ১৬। সুতা ঝাড়া সহকারি ১৭। লাইন আয়রণম্যান	৬,৭০০/-	৩,৩৫০/-	৭৫০/-	৪৫০/-	১,২৫০/-	১২,৫০০/-
শিক্ষানবিস শ্রমিক :	(ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। (খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৯,৮৭৫/- (মূল মজুরি ৪,৯৫০/-, বাড়ী ভাড়া মূল মজুরির ৫০% হারে ২,৪৭৫/-, চিকিৎসা ভাতা ৭৫০/-, যাতায়াত ভাতা ৪৫০/- ও খাদ্য ভাতা ১,২৫০/-) টাকা মজুরি প্রাপ্ত হইবেন। (গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।					

Handwritten signature

Handwritten mark

Handwritten signature

Handwritten signature

Handwritten signature

তফসিল “খ”

কর্মচারীগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস	মূল মজুরি (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	খাদ্য ভাতা (টাকা)	সর্বমোট মজুরি (টাকা)
গ্রেড-১ : ১। স্টোর কিপার ২। উচ্চমান সহকারী ৩। সিনিয়র ফায়ারম্যান	১০,৯০০/-	৫,৪৫০/-	৭৫০/-	৪৫০/-	১,২৫০/-	১৮,৮০০/-
গ্রেড-২ : ১। হিসাব সহকারী ২। স্টোর সহকারী ৩। ক্যাশিয়ার ৪। নার্স/ মেডিক্যাল সহকারী ৫। কম্পিউটার অপারেটর ৬। ড্রাইভার (হেভী লাইসেন্স প্রাপ্ত) ৭। ইমপোর্ট সহকারী/এক্সপোর্ট সহকারী ৮। ফায়ারম্যান ৯। সিনিয়র বয়লার অপারেটর ১০। সিনিয়র ইটিপি অপারেটর ১১। সিনিয়র ডব্লিউটিপি অপারেটর ১২। সিনিয়র জেনারেটর অপারেটর ১৩। সিনিয়র লিফট অপারেটর ১৪। সিনিয়র এসি অপারেটর	৯,০০০/-	৪,৫০০/-	৭৫০/-	৪৫০/-	১,২৫০/-	১৫,৯৫০/-

কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস	মূল মজুরি (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	খাদ্য ভাতা (টাকা)	সর্বমোট মজুরি (টাকা)
গ্রেড-৩ :	৮,৫০০/-	৪,২৫০/-	৭৫০/-	৪৫০/-	১,২৫০/-	১৫,২০০/-
১। ক্লার্ক / অফিস সহকারী/ ক্যাশ সহকারী						
২। টেলিফোন অপারেটর/ ডাটা এন্ট্রি অপারেটর/জুনিয়র কম্পিউটার অপারেটর						
৩। টাইম কিপার						
৪। কেয়ারটেকার						
৫। সিকিউরিটি গার্ড						
৬। ড্রাইভার (লাইট ও মিডিয়াম লাইসেন্স প্রাপ্ত)						
৭। বেবী সিটার/ শিশু পরিচর্যা কারী						
৮। ফটোকপি মেশিন অপারেটর						
৯। বয়লার অপারেটর/পাম্প অপারেটর						
১০। ইটিপি অপারেটর						
১১। ডব্লিউটিপি অপারেটর						
১২। জেনারেটর অপারেটর/কমপ্রেসার অপারেটর						
১৩। লিফট অপারেটর						
১৪। এসি অপারেটর						
১৫। প্রোডাকশন রিপোর্টার						

কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস	মূল মজুরি (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	খাদ্য ভাতা (টাকা)	সর্বমোট মজুরি (টাকা)
গ্রেড-৪ : ১। পিয়ন ২। কুক ৩। দারওয়ান/ চেকার/লোডার ৪। সুইপার/ ক্লিনার ৫। গার্ডেনার/ টি বয়/ ক্যান্টিন বয় ৬। আয়া/বুয়া ৭। ড্রাইভার সহকারী ৮। জুনিয়র সিকিউরিটি গার্ড ৯। সহকারী বয়লার অপারেটর/সহকারী পাম্প অপারেটর ১০। সহকারী ইটিপি অপারেটর ১১। সহকারী ডব্লিউটিপি অপারেটর ১২। সহকারী জেনারেটর অপারেটর/সহকারী কমপ্রেসার অপারেটর ১৩। সহকারী লিফট অপারেটর ১৪। সহকারী এসি অপারেটর ১৫। সহকারি প্রোডাকশন রিপোর্টার	৬,৯০০/-	৩,৪৫০/-	৭৫০/-	৪৫০/-	১,২৫০/-	১২,৮০০/-
শিক্ষানবিস কর্মচারী :	<p>(ক) শিক্ষানবিসীকাল ০৬(ছয়) মাস।</p> <p>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস কর্মচারী মাসিক সর্বসাকুল্যে = ৯,৯৫০/- (মূল মজুরি ৫,০০০/-, বাড়ী ভাড়া মূল মজুরীর ৫০% হারে ২,৫০০/-, চিকিৎসা ভাতা ৭৫০/-, যাতায়াত ভাতা ৪৫০/- ও খাদ্য ভাতা ১,২৫০/-) টাকা মজুরি প্রাপ্ত হইবেন।</p> <p>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।</p>					

[Signature]

[Signature]

[Signature]